

প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার কার্যপরিধি (টিওআর)

“জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন”



পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়

✓

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর: ০৬
শের-ই-বাংলানগর, ঢাকা।
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

১।	প্রকল্পের নাম	:	“জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন”		
২।	প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ	:	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়		
৩।	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়		
৪।	প্রকল্পের অবস্থান	:	বিভাগ	জেলা	উপজেলা
			(১)	(২)	(৩)
			ঢাকা	ঢাকা	সাভার, ঢাকা

৫।	প্রাকলিত ব্যয় (লক্ষ টাকা)	:	মূল	সংশোধিত
	(ক) মোট	:	১৮৮৫৩৬.০০	-
	(খ) জিওবি	:	১৮৮৫৩৬.০০	-
	(গ) প্রকল্প সাহায্য	:	-	-

৬।	বাস্তবায়ন মেয়াদ	:	মূল	সংশোধিত
	(ক) শুরুর তারিখ	:	অক্টোবর ২০১৮	-
	(খ) সমাপ্তির তারিখ	:	ডিসেম্বর, ২০২৪	-

৭। প্রকল্পের উদ্দেশ্য:

- নতুন করে ১০০০ জন ধারণ ক্ষমতাসম্পন্ন দশতলা তিতে দশতলা বিশিষ্ট ৩টি ছাত্র হল ও ৩টি ছাত্রী হল নির্মাণ করা হবে। ১টি ছাত্র হলের চতুর্থ ও পঞ্চম তলার উর্ধমুখী সম্প্রসারণ করা হবে যেখানে ১৫২ জন ছাত্রের আবাসনের ব্যবস্থা হবে। সর্বমোট $(152+3000+3000)=6152$ জন ছাত্র-ছাত্রীর আবাসনের ব্যবস্থা হবে তাম্বাধ্যে ২০০০ জন নতুন ছাত্র-ছাত্রী এবং ৪১৫২ জন পুরনো ছাত্র-ছাত্রী যারা বর্তমানে অন্যান্য হলে অতিরিক্ত ছাত্র-ছাত্রী হিসেবে বসবাস করছে;
- বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম দক্ষতার সাথে চালিয়ে নেয়ার জন্য দশতলা তিতে দশতলা বিশিষ্ট একটি অত্যাধুনিক প্রশাসনিক ভবন নির্মাণ করা হবে যেখানে বিশ্ববিদ্যালয়ের সকল অফিসের কর্মকর্তা-কর্মচারীদের জায়গার সংরূপান হবে;
- বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীদের আবাসনের সুব্যবস্থার জন্য ৫টি আবাসিক টাওয়ার ১১তলা তিতে ১১তলা নির্মাণ করা হবে;
- বিশ্ববিদ্যালয়ের প্রাকৃতিক পরিবেশ বজায় রেখে রাস্তা, রিজ, ডেন, বিদ্যুৎ, পানি এবং গ্যাস সরবরাহের মতো ভৌত অবকাঠামো সবিধাদি সৃষ্টি করা হবে;
- বিশ্ব মানের শিক্ষা এবং গবেষণা কার্যক্রম চালু করা;
- ১টি নতুন অত্যাধুনিক লাইব্রেরি ভবন নির্মাণ করা;
- ইনডোর এবং আউটডোর খেলাধূলার পরিবেশ সৃষ্টি করা; এবং
- অতিরিক্ত ১৫টি বিভাগে শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালু করা।

৮। **প্রকল্পের মৌলিক অঙ্গসমূহ:** জহির রায়হান অভিটোরিয়ামের মডিফিকেশন, বৈদ্যুৎিক লাইন সম্প্রসারণ এবং ট্রান্সফরমার স্থাপন, প্রশাসনিক ভবন নির্মাণ (দশতলা তিতে দশতলা), ১০০০ জন ছাত্রীর জন্য হল নির্মাণ (হল নং-১৭) (দশতলা তিতে দশতলা), ১০০০ জন ছাত্রীর জন্য হল নির্মাণ (হল নং-১৮) (দশতলা তিতে দশতলা), হাউজ টিউটরদের বাসভবন নির্মাণ (দশতলা ৩৬ ইউনিট) (নীচ তলায় করা পার্কিং), প্রভেটগ্রেনের জন্য আবাসিক কমপ্লেক্স নির্মাণ (দশতলা তিতে দশতলা, ১৮টি ইউনিট) (নীচ তলায় করা পার্কিং), শিক্ষকদের জন্য আবাসিক টাওয়ার নির্মাণ (এগারতলা ভিত্তে এগারতলা, ৪০ ইউনিট), পরিচ্ছন্নতা কর্মীদের জন্য আবাসিক টাওয়ার নির্মাণ (এগারতলা ভিত্তে এগারতলা, ৪০ ইউনিট), গেন্স হাউজ কাম পোস্ট গ্রাজুয়েট রিসার্চার হাউজ নির্মাণ (দশতলা তিতে দশতলা) (নীচ তলায় করা পার্কিং), সমাজ বিজ্ঞান অনুষদ ভবনের আনুভূমিক সম্প্রসারণ (ছয়তলা ভিত্তে ছয়তলা) এবং নতুন একটি লাইব্রেরি ভবন নির্মাণ (ছয়তলা ভিত্তে ছয়তলা) নির্মাণ ইত্যাদি।

০৯। বর্তমান কাজের উদ্দেশ্যসমূহ:

- ৯.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.২ প্রকল্পের অর্থবচরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবচরভিত্তিক বরাদ, ছাড় ও ব্যয় এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সমিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- ৯.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে Output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত পাবলিক প্রক্রিউরমেন্ট আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে সকল বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীত্ব্য বিভিন্ন পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/ BOQ/ TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৭ প্রকল্পের বুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৮ প্রকল্পের অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৯ উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.১০ প্রকল্প সমাপ্তির পর সৃষ্টি সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;
- ৯.১১ প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, বুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT Analysis;
- ৯.১২ প্রকল্পের যোগ্যতা লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঞ্চিত অগ্রগতি হয়েছে, প্রকল্পের IRR, NPV ইত্যাদি বিষয় কতটা অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.১৩ প্রকল্পের অধীনে ২১টি অবকাঠামো নির্মাণে পরিবেশ ও প্রতিবেশের ওপর কোন নেতৃত্বাচক প্রভাব সৃষ্টি হয়েছে কিনা তা সরজিমিনে যাচাইপূর্বক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.১৪ প্রকল্পে পরিবেশগত ভারসাম্য রক্ষায় কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা সে বিষয়টি নিরূপণপূর্বক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.১৫ প্রকল্পের সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সরিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;
- ৯.১৬ প্রকল্প ব্যবস্থাপনাও প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.১৭ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

৩

১০। মূল্যায়ন কাজের জন্য পেশাগত যোগ্যতা:

ক্রঃনং	পদের ধরন	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান		সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিনি) বছরের কাজের অভিজ্ঞতা
২.	পরামর্শক প্রতিষ্ঠানের প্রফেশনাল		
(১)	টিম লিডার	যেকোন স্থীর্ত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ মাত্রক ডিগ্রি। সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চতর ডিগ্রিখারীকে অগ্রাধিকার প্রদান করা হবে।	<ul style="list-style-type: none"> সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; টিম লিডার/ডেপুটি টিম লিডার হিসেবে এবং প্রভাব মূল্যায়ন/নিরিড পরিবীক্ষণ কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে; প্রকিউরমেন্ট (পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮)সংক্রান্ত কাজের অভিজ্ঞতা; কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান; এবং প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা।
(২)	সিভিল ইঞ্জিনিয়ার	যেকোন স্থীর্ত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ মাত্রক ডিগ্রি	<ul style="list-style-type: none"> সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের ব্যবহারিক অভিজ্ঞতা; প্রকিউরমেন্ট (পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮)সংক্রান্ত কাজের অভিজ্ঞতা।
(৩)	আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	যেকোন স্থীর্ত বিশ্ববিদ্যালয় হতে অর্থনৈতি/সমাজবিজ্ঞান/ সমাজকর্ম/ সমাজকল্যাণ/ডেভেলপমেন্ট স্টাডিজ বিষয়ে মাত্রকোত্তর ডিগ্রি	<ul style="list-style-type: none"> আর্থ-সামাজিক গবেষণা/ প্রভাব মূল্যায়ন/ নিরিড পরিবীক্ষণ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।
(৪)	পরিসংখ্যানবিদ	যেকোন স্থীর্ত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/ ফলিত পরিসংখ্যান বিষয়ে মাত্রকোত্তর ডিগ্রি	<ul style="list-style-type: none"> সমীক্ষা/গবেষণা কার্যক্রম পরিচালনা, তথ্য ব্যবস্থাপনা কার্যক্রম এবং বিশ্লেষণে কমপক্ষে ৩ (তিনি) বছরের ব্যবহারিক অভিজ্ঞতা; প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা; এবং কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান।

১১। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ

ক্রমিক	প্রতিবেদনের নাম ও সংখ্যা	দাখিলের সময়
১.	ইনসেপশন প্রতিবেদন (টেকনিক্যাল ২০ + স্টিয়ারিং ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল ২০ + স্টিয়ারিং ২০ কপি)	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন (ডেসিমিনেশন কর্মশালা ১৩০ কপি)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ও ইংরেজিতে) (বাংলা ৪০+ ইংরেজী ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে

- নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ যে সব FGD, KII-সহ সরেজমিন পরিদর্শন সম্পর্ক করবেন তার একটি ডিডিও (নুন্যতম ৩০ মিনিটের) প্রয়াণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আইএমইডিতে দাখিল করতে হবে;
- সকল প্রতিবেদন মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬, আইএমইডি বরাবর দাখিল করতে হবে। প্রতিবেদনগুলো Unicode Based Font হতে হবে। মুদ্রণ ব্যয় পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নির্বাচিত কর্তৃক নির্বাচিত করতে হবে।

১২। ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি/আরডিপিপি/পিসিআর/মূল্যায়ন প্রতিবেদন); এবং
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

২৬/১০/২০২২

ড. মোঃ মাহমুদুল হাসান
উপপরিচালক
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার